

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 28 June, 2025

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি (□□) বা অ্যাডহক কমিটিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি), উপ-উপাচার্য (প্রো-ভিসি) এবং ট্রেজারারদের আর মনোনয়ন দেওয়া যাবে না। ইতোমধ্যে এসব পদে পূর্বনির্ধারিত ব্যক্তিদের পরিবর্তে নতুন মনোনীত সদস্যদের দায়িত্ব গ্রহণের জন্য নির্দেশনা জারি করা হয়েছে।

সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক মো. আব্দুল হাই সিদ্দিক সরকারের স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই নির্দেশনা দেওয়া হয়। এতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১২ মে ২০২৫ তারিখের নির্দেশনার আলোকে সিদ্ধান্তটি কার্যকর করা হয়েছে।

প্রজ্ঞাপনে জানানো হয়, যেসব কলেজে পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি বা ট্রেজারার বর্তমানে দায়িত্বে আছেন, তাদের স্থলে নতুনভাবে মনোনীত ব্যক্তিদের দায়িত্ব গ্রহণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

এছাড়াও ভবিষ্যতে কোনো এডহক কমিটি বা গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উক্ত তিন পদে কর্মরত ব্যক্তিদের নাম প্রস্তাব না করার জন্যও সুনির্দিষ্টভাবে নির্দেশনা দেওয়া হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ইতোমধ্যেই সংশ্লিষ্ট কলেজগুলোতে ই-মেইলের মাধ্যমে

মনোনীত নতুন সদস্যদের তালিকা পাঠানো হয়েছে। মনোনীতরা যাতে নির্বিঘ্নে দায়িত্ব পালন করতে পারেন, সে জন্য প্রতিষ্ঠানগুলোকে যথাযথ সহযোগিতা দিতে বলা হয়েছে।

এই নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুমোদনক্রমে জারি করা হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয় | ভিসি-প্রো-ভিসি-ট্রেজারারদের মনোনয়ন নিষিদ্ধ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:56

URL: <https://www.timestodaybd.com/campus/3857460189>